

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন

৫ কাওরান বাজার, ঢাকা

www.brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.১০২.৩৪.০৬৫.১৯.৬৯৮৪


তারিখঃ ২৭ জুলাই ২০২০

বিষয়ঃ শোকবার্তা প্রেরণ।

আপনার স্বামী বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)'র পরিচালনা পর্ষদের সম্মানিত সদস্য ও বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশনের সভাপতি জনাব ইসরাফিল আলম এমপি (নওগাঁ-৬, আত্রাই ও রানীনগর), অদ্য ২৭ জুলাই ২০২০ সোমবার ভোর ৬.২০ টায়, ঢাকার স্কয়ার হাসপাতালে করোনা ভাইরাস (কোভিড-১৯) রোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন (ইন্সাল্লিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজেউন)।

তঁার মৃত্যুতে বিআরডিবি পরিবারের পক্ষ থেকে মহাপরিচালক মহোদয় শোকবার্তা প্রদান করেছেন। শোকবার্তাটি আপনার সদয় অবগতির জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ শোকবার্তা


মোঃ নুরুজ্জামান

উপপরিচালক (জনসংযোগ ও সমন্বয়)

মোবাইল-০১৭১৬-৭৪৫৫৭২

বেগম পারভীন সুলতানা

৭/৩ (৭ম তলা), ভবন নং-৪


ন্যাম ভবন, ঢাকা।

স্মারক নং-৪৭.৬২.০০০০.১০২.৩৪.০৬৫.৮৫.৬৯৮৪

তারিখঃ ২৭ জুলাই ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১) পরিচালক (প্রশাসন/অর্থ/সরেজমিন/পরিকল্পনা/প্রশিক্ষণ), বিআরডিবি, ঢাকা।
- ২) যুগ্ম পরিচালক/প্রকল্প পরিচালক/নির্বাহী পরিচালক(সকল), বিআরডিবি,
- ৪) নির্বাহী পরিচালক, বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন ও সমবায় ফেডারেশন।
- ৫) উপপরিচালক, প্রোগ্রামিং, বিআরডিবি, ঢাকা। শোকবার্তাটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো।
- ৬) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।



মোঃ বাবুল হোসেন

সহকারী পরিচালক (জনসংযোগ ও সমন্বয়)



সুপ্রিয় কুমার কুন্ডু
মহাপরিচালক (গ্রেড-১)
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী ভবন
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫

শোকবার্তা

আমরা গভীর দুঃখ ও বেদনার সাথে জানাচ্ছি যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)'র পরিচালনা পর্ষদের সম্মানিত সদস্য ও বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশনের সভাপতি জনাব ইসরাফিল আলম, এমপি (নওগাঁ-৬, আত্রাই ও রাণীনগর) অদ্য ২৭ জুলাই ২০২০ সোমবার ভোর ৬.২০ টায়, ঢাকার স্কয়ার হাসপাতালে করোনা ভাইরাস (কোভিড-১৯) রোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন (ইন্সাল্লিল্লাহে ওয়া ইন্না ইলাইহে রাজেউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫৪ বছর। তিনি ০১ ছেলে ও ০২ মেয়ে এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

জনাব ইসরাফিল আলম, এমপি বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের পরিচালনা পর্ষদের সদস্য ও বাংলাদেশ জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশনের সভাপতি হিসেবে অত্যন্ত নিষ্ঠার সাথে নিজ দায়িত্ব পালন করে গেছেন। একজন নিবেদিতপ্রাণ কর্মী হিসেবে বিআরডিবিতে তাঁর যথেষ্ট সুনাম রয়েছে। তাঁর অনুকরণীয় কর্ম-নিষ্ঠা, সততা, দক্ষতা, অমায়িক এবং আকর্ষণীয় ব্যক্তিত্বের জন্য বিআরডিবি'র আওতাধীন সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দ তাঁকে গভীর শ্রদ্ধা ও শোকাকর্ষিত চিন্তে স্মরণ করছে।

বিআরডিবি'র আওতাধীন কর্মকর্তা/কর্মচারীবৃন্দ তাঁর শোক-সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা ও সহমর্মিতা জ্ঞাপন করছে এবং পরম করুণাময়ের কাছে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত ও চিরশান্তি কামনা করছে।

পরম করুণাময় মহান আল্লাহ তাঁকে জান্নাত নসিব করুন।

সুপ্রিয় কুমার কুন্ডু
মহাপরিচালক
ফোন: ০২-৮১৮০০০২